

Mohammad Tajul Islam  
(Additional Secretary)  
Director General  
Bangladesh Bureau of Statistics  
Statistics and Informatics Division  
Ministry of Planning



মোহাম্মদ তাজুল ইসলাম  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়

উপনুষ্ঠানিক পত্র নং: ৮২.০১.০০০.৭১৬.১৪.০২০.২১.৪০

তারিখ: ০৫/১০/২০২১ খ্রি

স্বীকৃত,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো (বিবিএস) দেশের আর্থ-সামাজিক ও জনতত্ত্ব বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক অফিসিয়াল পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে থাকে। প্রকাশিত পরিসংখ্যান জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক, গবেষক ও বিভিন্ন সংস্থা কর্তৃক ব্যবহৃত হয়ে থাকে। তথ্য উপাত্ত সংগ্রহ, সংকলন ও হিসাব প্রাক্কলন প্রক্রিয়ায় বিবিএস আন্তর্জাতিক পদ্ধতি অনুসরণ করে থাকে এবং পরিসংখ্যান আইন-২০১৩ অনুযায়ী সংগৃহীত তথ্যের গোপনীয়তা নিশ্চিত করে থাকে।

০২। জাতীয় হিসাব প্রাক্কলন প্রক্রিয়ায় দেশের সমগ্র অর্থনৈতিকে কৃষি, শিল্প ও সেবা-এ তিনটি বৃহৎ খাতে ভাগ করা হয়। বাংলাদেশের অর্থনৈতিকে শিল্প খাতের অবদান ক্রমাগতে বৃদ্ধি পাচ্ছে। বিবিএস শিল্প খাতের অবদান নির্ণয়ে সরকারি ও বেসরকারি উদ্যোগে পরিচালিত বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প প্রতিষ্ঠান থেকে নিয়মিতভাবে শিল্প উৎপাদন ও উৎপাদক পর্যায়ে উৎপাদিত পণ্যের মূল্য সংগ্রহ করে থাকে। উক্ত তথ্য প্রতি মাসে Quantum Index of Industrial Production (QIIP) ও Producer Price Index (PPI)-এ দুটি সূচক প্রস্তুত করে থাকে, যা শিল্প খাতের জিডিপি প্রাক্কলনে ব্যবহার করা হয়।

০৩। সময়ের পরিবর্তনের সাথে সাথে উৎপাদনের পরিমাণ ও টাকার মূল্যের পরিবর্তন হয়। বিভিন্ন Industrial Activities ও বৃহৎ অর্থনৈতিক কর্মকাণ্ড সংযুক্ত হয়েছে। সারাদেশ ব্যাপী নতুন নতুন উভাবিত শিল্প প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত হয় এবং যেসব প্রতিষ্ঠান ও পন্যের অস্তিত্ব নেই সেগুলো বাদ দেয়া হবে। উৎপাদন প্রতিষ্ঠানের সংখ্যাও বৃদ্ধি পায়। ২০০৫-০৬ হতে ২০১৫-১৬ পর্যন্ত Manufacturing ক্ষেত্রে উৎপাদন ও উৎপাদক পর্যায়ে কি ধরণের পরিবর্তন হয়েছে সে সম্পর্কে ধারণা পাওয়া যাবে। সেক্ষেত্রে ২০১৫-১৬ হতে শিল্পের উৎপাদন ও উৎপাদক পর্যায়ে মূল্য সংগ্রহ করা অত্যন্ত প্রয়োজন।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে দেশের সকল খাতের উৎপাদন সূচক ও পরবর্তীতে সমন্বিত ও সঠিক জিডিপি নিরূপণের প্রয়োজনে আপনার প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের ২০১৫-১৬ হতে হালনাগাদ উৎপাদন ও মূল্য সংশ্লিষ্ট মাসিক তথ্য দ্রুততার সাথে প্রেরণ/সরবরাহের নিমিত্ত আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

অন্তরিক্ষে অন্তরিক্ষে ।

মোহাম্মদ তাজুল ইসলাম  
মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

প্রাপক:

.....  
.....